বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর

## ২৩ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩-০১-২০২৩ খ্রিঃ |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক -তে দ্রষ্টব্য |

বিগত ২৩ জানুয়ারি, ২০২৩ তারিখ রোজ সোমবার দুপুর ০২:৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৮/০১/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায়সকল অতিরিক্ত মহাপরিচালক, প্রধান/ অতিরিক্ত প্রধানপ্রকৌশলী, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রধান প্রকৌশলী (মনিটরিং) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৯৫টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৭৭৭.১৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৬৭৪৭.৪১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০২৯.৭৮ কোটি টাকা এবং টাকাংশ ১০০৫.৪২ কোটি টাকা। তবে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সর্বশেষ জারিকৃত নির্দেশনামতে ছাড়যোগ্য অর্থের পরিমাণ ৫৭৪৮.৮৯ কোটি টাকা। তন্মধ্যে, জিওবি ৪৭১৯.১১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০২৯.৭৮ কোটি টাকা এবং টাকাংশ ১০০৫.৪২ কোটি টাকা। ১ জুলাই ২০২২ হতে ১৮ জানুয়ারি ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ২৪৬০.৫৬ কোটি (জিওবি ২২৯৩.০৬ কোটি, প্রকল্প সাহায্য ১৬৭.৪৯ কোটি ও টাকাংশ ১৬৫.৪৬ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৩১.৬৪% এবং ছাড়যোগ্য অর্থ বরাদ্দের ৪২.৮০%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ২০৯৪.৫৬ কোটি (জিওবি ১৯৬১.১৬ কোটি, প্রকল্প সাহায্য ১৩৩.৩৯ কোটি ও টাকাংশ ১৩১.৩৬ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ২৬.৯৩% এবং মোট ছাড়যোগ্য অর্থের ৩৬.৪৩%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৩২.০৫%। উল্লেখ্য যে, আইএমইডি হতে সংগৃহিত তথ্যমতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ২০২২-২৩ অর্থবছরের এডিপি বাস্তবায়নের জাতীয় গড় ২৩.৫৩%। বাস্তবায়নাধীন ৯৫টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প জুন, ২০২২ তে সমাপ্ত ও পিসিআর দাখিলকৃত। ৩টি এডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিপি অনুমোদন পরবর্তী আরো ২৯টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত, এডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৯৫-৪+৩+২৯)= ১২৯টি, যার মধ্যে ৩১টি প্রকল্প চলতি ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|
| ১ | অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ৩০ জুন, ২০২৩ এর মধ্যে চলতি অর্থবছরের আর্থিক কার্যক্রম সর্বতোভাবে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ibas++ সফটওয়্যারের আওতায় বাপাউবো'র এডিপিভুক্ত প্রকল্পসমূহের আর্থিক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ প্রক্রিয়াধীন রয়েছে। পূর্বেকার অর্থবছরসমূহে ৩০ জুন পর্যন্ত খরচের হিসাবকালে প্রকল্প দপ্তর প্রেরিত হিসাব, আইএমইডি প্রতিবেদনের হিসাব এবং র‌্যাক স্টেটমেন্ট অনুযায়ী হিসাবে তারতম্য পরিলক্ষিত হয়েছে, যার জন্য অতি সম্প্রতি আইএমইডি হতে পানি সম্পদ মন্ত্রণালয় ও বাপাউবো-তে পত্র প্রেরিত হয়েছে। ভবিষ্যতে এ অবস্থা হতে উত্তরণের স্বার্থে ২৫ জুন, ২০২৩ নাগাদ সকল বিল সংশ্লিষ্ট র‌্যাকে প্রেরণ ও ৩০ জুন, ২০২৩ নাগাদ র‌্যাক কর্তৃক হিসাব চূড়ান্তকরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২০২২-২৩ অর্থবছরে ২৫ জুন, ২০২৩ নাগাদ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল বিল সংশ্লিষ্ট র‌্যাকে প্রেরণ ও ৩০ জুন, ২০২৩ নাগাদ র‌্যাক কর্তৃক হিসাব চূড়ান্তকরণ আবশ্যিকভাবে করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল)/ পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর। |
| ২ | ২০২২-২৩ অর্থবছরে এডিপিভুক্ত ৯৫টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প জুন, ২০২২ তে সমাপ্ত ও পিসিআর দাখিলকৃত এবং ২টি প্রকল্প নামমাত্র বরাদ্দপ্রাপ্ত। অর্থ পরিদপ্তর হতে সংগৃহিত তথ্যমতে অবশিষ্ট ৮৯টি প্রকল্পের মধ্যে ৮১টি প্রকল্পের জিওবি ১ম কিস্তি ছাড় হয়েছে, ৬৪টি প্রকল্পের জিওবি ২য় কিস্তি ছাড় হয়েছে এবং ১টি প্রকল্পের জিওবি ৩য় কিস্তি ছাড় হয়েছে। অর্থবছরের ৩য় প্রান্তিকে এসেও উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্পের ১ম ও ২য় কিস্তির অর্থছাড় না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অপরদিকে প্রায় ৩২৮৩ কোটি টাকা অর্থমূল্যের সম্পাদিত কাজের পরিশোধযোগ্য বিল পর্যাপ্ত বরাদ্দ না থাকা ও অর্থ ছাড় সম্পন্ন না হওয়ার কারণে পরিশোধ করা যাচ্ছে না, যার ফলে প্রকল্পের আর্থিক ও ভৌত কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। এমতাবস্থায়, সভাপতি মাঠ পর্যায়ের বাস্তব পরিস্থিতি বিবেচনায় আরএডিপি ২০২২-২৩ বরাদ্দ সংস্থান নির্ধারণের পরামর্শ দেন এবং প্রকল্পসমূহের আর্থিক কার্যক্রম সচল রাখতে সম্পাদিত কাজ বিবেচনায় ছাড়যোগ্য কিস্তিসমূহের অর্থছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) মাঠ পর্যায়ের বাস্তব পরিস্থিতি বিবেচনায় আরএডিপি ২০২২-২৩ বরাদ্দ সংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রস্তাব করতে হবে।<br><br>(খ) যে সকল প্রকল্পের ২য় বা উভয় কিস্তির অর্থছাড় বাকি রয়েছে, সে সকল প্রকল্পের সম্পাদিত কাজ বিবেচনায় ছাড়যোগ্য কিস্তিসমূহের অর্থছাড়ের প্রস্তাব যথাদ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর/ পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর। |

| | | |
|---|---|---|
| ৩ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা- তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ২টি প্রকল্প নির্ধারিত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "মানিকগঞ্জ জেলার বাচামারা, বাহাদুরপুর ও ধূলসুরা এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষাকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ১ম সংশোধনীতে অন্তর্ভুক্ত নতুন কাজ চলমান ৩টি প্যাকেজের আওতায় ভেরিয়েশনের মাধ্যমে সম্পাদনের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত অনুমোদন নিতে হবে এবং অবশিষ্ট কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে।<br><br>খ) "নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুনঃখনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় অর্পিত ক্রয়কাজ প্রক্রিয়ায় বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভায় প্রস্তাবিত রিভার ড্রাইভ পার্কের কাজ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন গ্রহণ করতঃ বাস্তবায়ন করতে গেলে জুন, ২০২৩ নাগাদ প্রকল্প সমাপ্তি নিয়ে ঘোর সংশয় দেখা দিতে পারে। এমতাবস্থায়, প্রকল্পের পরবর্তী করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা প্রাপ্তির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের আগামী এডিপি পর্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রীর নিকট সামগ্রিক অবস্থা উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল |
| ৪ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা- তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ৫টি প্রকল্প নির্ধারিত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "ব্রাহ্মনবাড়িয়া জেলার অন্তর্গত তিতাস নদী (আপার) পুনঃখনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি ও প্রকল্পটি আরএডিপিভুক্ত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। প্রকল্পে নিয়োজিত ঠিকাদারকে দিয়ে যথাদ্রুত কাজ আরম্ভ করে অবশিষ্ট কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে।<br><br>খ) "ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলায় রাজাপুর নামক স্থানে মেঘনা নদীর বামতীর সংরক্ষণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি আরএডিপিভুক্ত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। প্রকল্পের অবশিষ্ট কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে।<br><br>গ) "নোয়াখালী জেলার বেগমগঞ্জ, চাটখিল, সেনবাগ ও সোনাইমুড়ি উপজেলার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খাল পুনঃখনন প্রকল্প" শীর্ষক প্রকল্পটির প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী নতুন অন্তর্ভুক্ত ১০টি খালের আহবানকৃত দরপত্র মূল্যায়ন করতঃ প্রতিবেদন চূড়ান্ত রাখতে হবে, যেন ১ম সংশোধনী পাশ হওয়ার সাথে সাথে কার্যাদেশ দিয়ে ঠিকাদার মোবলাইজেশন করতে পারা যায়। জুন, ২০২৩ নাগাদ প্রকল্পটি অবশ্যই সমাপ্ত করতে হবে।<br><br>ঘ) "মেঘনা নদীর ভাঙ্গন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরীঘাট এলাকা এবং চরভৈরবী এলাকার কাটাখাল বাজার রক্ষা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের End Termination প্যাকেজ বাস্তবায়নকারী ঠিকাদারকে মোবলাইজেশন বৃদ্ধি করতে হবে এবং কাজ নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। এক্ষেত্রে ঠিকাদারকে তাগাদা প্রদান এবং কাজ অসম্পূর্ণ রাখলে প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্পের কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল |

| | | |
|---|---|---|
| ৫ | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম-তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ২টি প্রকল্প নির্ধারিত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন খুটাখালী ইউনিয়নের জলাবদ্ধতা দূরীকরণ ও ভাঙ্গন রোধ" শীর্ষক প্রকল্পের ডিপিপি ব্যয় ৩১৯১.২৫ লক্ষ টাকা হলেও দরপত্র আহবানের পূর্বে প্রাক্কলন প্রস্তুতকালে মাঠ পর্যায়ের বাস্তব পরিস্থিতি বিবেচনায় কাজের পরিধি হ্রাস পেয়ে প্রাক্কলিত ব্যয় উল্লেখ্যযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। এমতাস্থায়, অনুমোদিত ডিপিপি ব্যয়ের ৬০% ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্তির সম্ভাবনা দেখা দিয়েছে। প্রকল্প সমাপ্তির পিসিআর প্রণয়ন এবং আইএমইডি-তে তা প্রক্রিয়াকরণে সম্বাব্য জটিলতা পরিহারের লক্ষ্যে আইএমইডি ও মন্ত্রণালয়ের পরামর্শক্রমে প্রকৃত প্রাক্কলিত মূল্যের আলোকে আরডিপিপি প্রণয়ন করতঃ তার অনুমোদন গ্রহণ করতে হবে এবং জুন, ২০২৩ নাগাদ প্রকল্পটি অবশ্যই সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল |
| ৬ | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর- তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ৩টি প্রকল্প নির্ধারিত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "শরীয়তপুর জেলার জাজিরা ও নড়িয়া উপজেলায় পদ্মা নদীর ডান তীর রক্ষা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির ডিপিএম অংশের সিসি ব্লক নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিত করতে ঠিকাদারকে তাগাদা প্রদান করতে হবে। সাপ্তাহিক ভিত্তিতে কাজের অগ্রগতি মাননীয় উপমন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে। প্রকল্পের কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল |
| ৭ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল- তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ২টি প্রকল্প নির্ধারিত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "কীর্তনখোলা নদীর ভাঙ্গন হইতে বরিশাল জেলার সদর উপজেলাধীন চরবাড়িয়া এলাকা রক্ষা (১ম সংশোধিত)" প্রকল্পটির সিংহভাগ অংশ খুলনা শিপইয়ার্ড লিমিটেড ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়ন করছে। প্রকল্পটি সমাপ্ত করতে এখনো ২,২৫,০০০ টি সিসি ব্লক তৈরি করা প্রয়োজন, যার মধ্যে ১,৫০,০০০টি ডাম্পিং ব্লক যা এপ্রিল, ২০২৩ নাগাদ ডাম্পিং করা প্রয়োজন। সে লক্ষ্যে প্রতিদিন ৪,০০০টি সিসি ব্লক তৈরি করার প্রয়োজন হলেও বর্তমানে দৈনিক ৮০০টির বেশি তৈরি হচ্ছে এবং কাজের সাইটে মাত্র ২টি মিক্সচার মেশিন চলমান রয়েছে। বাপাউবো'র সকল পর্যায় হতে খুলনা শিপইয়ার্ডকে বারবার তাগাদা প্রদান সত্ত্বেও কাজের অগ্রগতি অত্যন্ত মন্থর। এমতাবস্থায়, সাপ্তাহিক ভিত্তিতে কাজের অগ্রগতি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে। প্রকল্পের কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে। টেকসই উপায়ে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে সিসি ব্লকের পরিমাণ কমানো যায় কিনা তা খতিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট নকশা সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে নিয়ে কারিগরি কমিটি গঠনের জন্য মাঠ দপ্তর প্রয়োজনে বোর্ডে প্রস্তাব করতে পারে।<br><br>খ) "আড়িয়াল খাঁ নদীর ভাঙ্গন হতে বরিশাল জেলার গৌরনদী উপজেলার হোসনাবাদ বাজার, লঞ্চঘাট ও তৎসংলগ্ন এলাকা রক্ষার্থে স্থায়ী নদী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পটি সমাপ্ত করতে এখনো ১,৭৫,০০০ টি সিসি ব্লক তৈরি করা প্রয়োজন। প্রকল্পটিতে ভৌত কাজের ৩টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের অগ্রগতি খুবই মন্থর। ঠিকাদারকে বারবার তাগাদা প্রদান সত্ত্বেও কাজের মোবিলাইজেশন অসন্তোষজনক। ঠিকাদারকে নিয়মিত তাগাদা প্রদান করতে হবে এবং প্রকল্পের কাজ অবশ্যই জুন, ২০২৩ নাগাদ সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল |

| | | |
|---|---|---|
| ৮ | ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ সমাপ্তির জন্য ১৪টি বিশেষ প্রকল্প (১৩টি সমীক্ষা প্রকল্প) নির্ধারিত রয়েছে। আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "পানি সম্পদ মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধিকল্পে ছোট আকারের জলযান ক্রয় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি খুলনা শিপইয়ার্ড লিঃ অর্পিত ক্রয়কাজ পদ্ধতিতে বাস্তবায়ন করছে। খুলনা শিপইয়ার্ড লিঃ জুন, ২০২৩ নাগাদ প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে না মর্মে জানিয়ে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালক বরাবর আবেদন করেছেন। সভাপতি বিষয়টি পানি সম্পদ মন্ত্রণালয়ের আগামী এডিপি পর্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রীর নিকট উপস্থাপন করতঃ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৯ | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br><br>ক) "Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত হলেও প্রকল্পের কাজ সমাপ্ত করতে মেয়াদ বৃদ্ধির প্রয়োজন বিধায় অতিদ্রুত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

০৪। আগামীতে নিয়মিতভাবে বোর্ড পর্যায়ে এডিপি পর্যালোচনা সভা আয়োজনের বিষয়ে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল ইসলাম সরকার
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৯

তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর।

১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী , রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা

১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী , নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ

১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা

১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা

১৬) প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা।

১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো

২৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩১) পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩২) পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৩) পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৪) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৫) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৬) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৭) পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৮) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩৯) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪০) পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪১) পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪৩) যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪৪) পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৪৭) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৪৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৪৯) নির্বাহী প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো

০১/০২/২০২৩

টি. এম. রাশিদুল কবীর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)